**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/8/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল 1.8 মিলিয়ন নিম্ন-আয়ের নিউ ইয়র্কবাসী ও পরিবারের জন্য 475 মিলিয়ন ডলার ট্যাক্স থেকে অব্যাহতি ঘোষণা করেছেন

***যে নিউ ইয়র্কবাসীরা এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট এবং/অথবা অর্জিত আয়ের ক্রেডিট পেয়েছেন তারা আপনা থেকেই চেক পাবেন***

***নিউ ইয়র্কবাসীরা এখানে যোগ্যতা যাচাই করতে পারেন***

***প্রোগ্রামটি দেশব্যাপী ক্রয়ক্ষমতার সংকটের সময় ট্যাক্স থেকে অত্যাবশ্যক অব্যাহতি প্রদানের জন্য গভর্নরের এজেন্ডাকে আরও এগিয়ে নিয়ে গেছে***

গভর্নর ক্যাথি হোকল এবং আইনসভার নেতারা আজ মূল্যস্ফীতি মোকাবেলা করা এবং ক্রয়ক্ষমতা উন্নত করার জন্য স্টেটের চলমান প্রচেষ্টার অংশ হিসাবে যোগ্য নিম্ন-আয়ের নিউ ইয়র্কবাসী এবং পরিবারগুলির জন্য 475 মিলিয়ন ডলার ট্যাক্স থেকে অব্যাহতি ঘোষণা করেছেন। যে 1.75 মিলিয়ন নিউ ইয়র্কবাসী 2021 রাজ্যের ট্যাক্স রিটার্নে এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট (Empire State Child Credit) এবং/অথবা অর্জিত আয়ের ক্রেডিট (Earned Income Credit) পেয়েছিলেন তাদেরকে নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অফ ট্যাক্সেশন অ্যান্ড ফাইন্যান্স (Department of Taxation and Finance) শীঘ্রই সরাসরি আর্থিক সহায়তা পাঠানো শুরু করবে। নিউ ইয়র্কবাসীরা অক্টোবর মাস শেষ হওয়ার আগেই তাদের চেক পাওয়ার আশা করতে পারেন।

"এই ত্রাণ প্যাকেজটির মাধ্যমে, আমরা দেশব্যাপী ক্রয়ক্ষমতার সংকটের মধ্যে কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের সাহায্য করার জন্য আমাদের প্রতিশ্রুতি বাস্তবায়িত করছি," **গভর্নর হোকল বলেছেন।** "এই প্রোগ্রামটি অতিমারী, মুদ্রাস্ফীতি এবং অন্যান্য ক্রমবর্ধমান ব্যয়ের মুখে, নিউ ইয়র্কের প্রায় দুই মিলিয়ন এমন পরিবারের পকেটে অর্থ ফেরত দেবে যারা জীবনযাপনের জন্য প্রয়োজনীয় আয় করার জন্য সংগ্রাম করছেন। আমার প্রশাসন স্টেট ব্যাপী ক্রয়ক্ষমতার উন্নতিতে তীক্ষ্ণ মনোযোগ নিবদ্ধ করেছে, এবং নিউ ইয়র্কের পরিবারগুলি যাতে এই অতি-প্রয়োজনীয় আর্থিক সহায়তা পায় তা নিশ্চিত করার জন্য আমি আইনসভাকে তার অংশীদারিত্বের জন্য ধন্যবাদ জানাই।"

গভর্নর হোকল এবং স্টেটের আইনসভার সদস্যরা আর্থিক বৎসর 2023-এর কার্যকর বাজেটের অংশ হিসাবে অতিরিক্ত NYS শিশু ও অর্জিত আয়কর (NYS Child and Earned Income Tax)

প্রদানের অনুমোদন দিয়েছেন। প্রোগ্রামটি যোগ্য প্রাপক প্রতি গড়ে 270 ডলার অর্থ প্রদান করবে। যোগ্য নিউ ইয়র্কবাসীদের তাদের চেক পাওয়ার জন্য কোনো পদক্ষেপ নিতে হবে না; চেকগুলি আপনা থেকেই ডাকযোগে পাঠানো হবে।

সাধারণ নিউ ইয়র্কবাসীদের পকেটে আরও বেশি অর্থ ফেরত দেওয়ার জন্য গভর্নর হোকলর প্রতিশ্রুতির উপর এই প্রোগ্রামটি গড়ে উঠেছে। এই বছরের শুরুর দিকে, গভর্নর নতুন বাড়িওয়ালাদের ট্যাক্স রিবেট ক্রেডিট (homeowner tax rebate credit)-এর মাধ্যমে 2 মিলিয়নেরও বেশি নিউ ইয়র্কবাসীর জন্য ট্যাক্স থেকে অব্যাহতি হিসাবে 2.2 বিলিয়ন ডলার বিতরণের গতি বাড়িয়েছিলেন। জ্বালানির দাম রেকর্ড উচ্চতায় পৌঁছানোর সাথে সাথে, গভর্নর হোকল এছাড়াও নিউ ইয়র্কবাসীদের পাম্পে পরিত্রাণ দেওয়ার জন্য স্টেট ব্যাপী গ্যাস এবং ডিজেল ট্যাক্স হলিডে ঘোষণা করেছেন।

যে নিউ ইয়র্কবাসীরা সম্প্রতি স্থানান্তরিত হয়েছেন তাদের অতিরিক্ত NYS শিশু ও অর্জিত আয়কর পেমেন্টের চেক পাওয়ার দেরি রোধ করতে ডিপার্টমেন্ট অফ ট্যাক্সেশন অ্যান্ড ফাইন্যান্স-এর কাছে তাদের ঠিকানা আপডেট করতে হবে। এটি করার জন্য, তারা বিভাগের ওয়েবসাইটে একটি অ্যাকাউন্ট তৈরি করতে পারেন এবং প্রয়োজনীয় ফিল্ডগুলি সম্পূর্ণ করতে এবং তাদের আপডেট করা ঠিকানা সেভ করতে স্ক্রিনে দেওয়া নির্দেশাবলী অনুসরণ করতে পারেন।

**সংখ্যাগরিষ্ঠ নেতা আন্দ্রেয়া স্টুয়ার্ট-কাজিন বলেছেন,** "আমরা জানি যে দেশব্যাপী ক্রয়ক্ষমতার সংকটের কারণে নিউ ইয়র্কবাসীদের পকেটের ওপরে প্রভাব পড়ছে আর সেই কারণেই সেনেটের সংখ্যাগরিষ্ঠ অংশ মধ্যবিত্ত ও নিম্ন আয়ের পরিবারগুলিকে সাহায্য করার জন্য অর্জিত আয়কর ক্রেডিট বাড়িয়েছে এবং একটি সম্পূরক এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট প্রদান করেছে। জীবনযাপনের খরচ ক্রমাগত বৃদ্ধি পাওয়ায়, কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের 595 মিলিয়ন ডলার ট্যাক্স বেনিফিট প্রদান করতে পেরে আমরা গর্বিত। এম্পায়ার আয়কর ক্রেডিট (Empire Income Tax credit, EITC) হল একটি শক্তিশালী উপকরণ, যার শৈশবকালীন দারিদ্র্য হ্রাস করা এবং শ্রমজীবী পরিবারগুলির উন্নতিতে সাফল্যের দীর্ঘ রেকর্ড রয়েছে। এই জটিল সমস্যা সমাধানে সাহায্য করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

**অ্যাসেম্বলির স্পিকার কার্ল হিস্টি বলেছেন,** "এটি কঠোর পরিশ্রমী পরিবারগুলির পকেটে অর্থ ফেরত দেবে যারা ইতিমধ্যেই শিশুর যত্নের উচ্চ ব্যয়ের পাশাপাশি মুদিখানার জিনিস এবং গ্যাস পাম্পে ক্রমবর্ধমান খরচের সাথে লড়াই করছেন। আমরা এই বছরের বাজেটে নিউ ইয়র্কবাসীদের জন্য সামগ্রিকভাবে ত্রাণ অন্তর্ভুক্ত করার জন্য লড়াই করেছিলাম, যার মধ্যে গ্যাস ট্যাক্সের ওপরে স্থগিতাদেশ এবং বাড়িওয়ালাদের ট্যাক্স রিবেট ক্রেডিট অন্তর্ভুক্ত ছিল। আমাদের পরিবারগুলি বিশ্বব্যাপী অতিমারী এবং এখন মুদ্রাস্ফীতির কারণে প্রভাবিত হয়েছে এবং আমরা তাদের প্রয়োজনীয় পরিত্রাণ দেওয়ার জন্য কাজ করা চালিয়ে যাব।"

**অ্যারিভা এক্সিকিউটিভ ডিরেক্টর আইরিন বাল্ডউইন বলেছেন,** "আমরা স্টেটের চাইল্ড ট্যাক্স ক্রেডিট এবং EITC সম্প্রসারণের জন্য গভর্নর হোকাল এবং স্টেটের আইনসভাকে সাধুবাদ জানাই। এই অর্থপ্রদানগুলি স্কুল বছরের শুরুতে এবং আসন্ন ছুটির মরসুমে নগদ অর্থের

জোগান দেবে যা একটি স্বাগতকারী পদক্ষেপ। গভর্নর এবং আইন প্রণেতারা শ্রমজীবী মানুষকে সবার প্রথমে রাখছেন!"

**অ্যারিভা-এর ওয়ার্কফোর্স ডেভেলপমেন্টের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট গ্রান্ট কলিন্স বলেছেন,** "এই অতিরিক্ত ত্রাণমূলক অর্থপ্রদানগুলি দারিদ্র্যের সাথে বসবাসকারী মানুষ এবং শ্রমজীবী দরিদ্র মানুষের জীবনধারণের উন্নতির জন্য অনেক দূর এগিয়ে যাবে। এই অত্যাবশ্যক সহায়তা প্রদানের জন্য আমরা গভর্নর এবং স্টেটের আইনসভাকে ধন্যবাদ জানাই। আমরা করদাতাদের এই বিষয়ে সতর্ক করার অপেক্ষায় রয়েছি যে আর্থিক সাহায্য আসতে চলেছে।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418